



EYE CARE PROGRAM
Manabik Shahajya Sangstha
আই কেয়ার প্রোগ্রাম

# ইসিপি বার্তা






## জুলাই মাসব্যাপী বিনামূল্যে ১১০৫ জনকে চক্ষু পরীক্ষা ও ১৭৪ রোগীর ছানি অপারেশন

জুলাই মাসজুড়ে দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের জন্য বিনামূল্যে চক্ষুসেবা নিশ্চিত করতে আই কেয়ার প্রোগ্রাম দেশের বিভিন্ন এলাকায় মানবিক উদ্যোগ বাস্তবায়ন করেছে। চাঁদপুর, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়সহ বিভিন্ন স্থানে আয়োজিত ৬টি আই ক্যাম্পের মাধ্যমে মোট ১১০৫ জন রোগীকে বিনামূল্যে চক্ষু পরীক্ষা সেবা প্রদান করা হয়েছে। এর মধ্যে ৩৩৯ জন রোগীকে প্রয়োজনীয় চশমা বিতরণ করা হয়। পাশাপাশি চক্ষুস্বাস্থ্য সম্পর্কে সাধারণ মানুষের সচেতনতা বৃদ্ধি করতে ১১১০ টি ফ্লায়ার ও পোস্টার বিতরণ করা হয়েছে। চক্ষু পরীক্ষার মাধ্যমে ২৭৪ জন রোগীর চোখে ছানি শনাক্ত করা হয়। পরবর্তীতে প্রয়োজনীয় পরীক্ষা শেষে ১৭৪ জন রোগীকে অ্যাম্বুলেন্সযোগে সহযোগী হাসপাতালে নেওয়া হয়, যেখানে বিশেষজ্ঞ চিকিৎসকদের নিবিড় তত্ত্বাবধানে সফলভাবে ছানি অপারেশন সম্পন্ন করা হয়। অপারেশন শেষে রোগীদের প্রয়োজনীয় চিকিৎসাসেবা প্রদান করে নিরাপদে নিজ নিজ বাসায় পৌঁছে দেওয়া হয়েছে। মানবিক এই কার্যক্রমের মাধ্যমে আই কেয়ার প্রোগ্রাম অসহায় মানুষের দৃষ্টিশক্তি ফিরিয়ে দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এই উদ্যোগ বাস্তবায়নে সহযোগী প্রতিষ্ঠান, চিকিৎসক, স্বেচ্ছাসেবক ও শুভানুধ্যায়ীদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করা হচ্ছে।

## অন্ধকার কাটিয়ে আবার আলোর মুখ দেখলেন ৬৫ বছরের তসলিম মিয়া

তসলিম মিয়া (৬৫) দীর্ঘদিন ধরে অভাব-অনটন আর বয়সের ভারে ক্লান্ত হয়ে দিনাতিপাত করছিলেন। শারীরিক অসুস্থতার কারণে কাজ করতে পারেন না, আর দুই ছেলে দিনমজুর হিসেবে কাজ করে যা আয় করেন তা দিয়ে কোনোমতে সংসার চলে। আর্থিক টানাপোড়েনে তাঁর চোখের চিকিৎসা করানো পরিবারের পক্ষে সম্ভব ছিল না। ইতোমধ্যে চোখে ছানি পড়ায় তসলিম মিয়ার চারপাশ অন্ধকার হয়ে আসে। নিজের নিত্যদিনের কাজগুলো করাও তাঁর জন্য অসম্ভব হয়ে পড়ে। মানবিক সাহায্য সংস্থার আই কেয়ার প্রোগ্রামের মানবিক সহায়তায় গত ১১ই জুলাই ২০২৬ তারিখে চাঁদপুরের মাজহারুল হক বিএনএসবি চক্ষু হাসপাতালে তাঁর চোখের সফল ছানি অপারেশন সম্পন্ন হয়। এই সহায়তা শুধু তাঁর দৃষ্টিশক্তিই ফিরিয়ে দেয়নি, জীবনে ফিরিয়ে এনেছে স্বাবলম্বিতা ও নতুন করে বাঁচার আনন্দ।





## চোখের যত্ন ও সচেতনতা বৃদ্ধিতে বিদ্যালয়গুলোতে আই কেয়ার প্রোগ্রামের সাফল্য

দৃষ্টির সীমাবদ্ধতা যেন কোনো শিশুর শিক্ষা ও স্বাভাবিক বিকাশে বাধা হয়ে না দাঁড়ায়-এই লক্ষ্য নিয়ে আই কেয়ার প্রোগ্রাম সম্প্রতি সর্বমোট ৪টি বিনামূল্যে স্কুল সাইট টেস্টিং প্রোগ্রামের আয়োজন করে। এ কর্মসূচিসমূহের মাধ্যমে ৯৩২ জন শিক্ষার্থী এবং ১০ জন শিক্ষক বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করেন। এছাড়া পরীক্ষাশেষে দৃষ্টিত্রুটি থাকা ১৬ জনকে বিনামূল্যে চশমা ও ১১০ জনকে প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়। শিক্ষার্থীদের মেধা বিকাশ ও সুস্থ চোখ নিশ্চিতকরণে বিদ্যালয় পর্যায়ে সচেতনতামূলক দিকনির্দেশনাও প্রদান করা হয়। এ উদ্যোগ শিশুদের চোখের স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, সঠিক সময়ে সমস্যা শনাক্তকরণ এবং প্রয়োজনীয় মানসম্মত চিকিৎসাসেবা নিশ্চিত করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।


MSS
Working for the People

প্রকাশনায়ঃ মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট- মানবিক সাহায্য সংস্থা
মোবাইলঃ ০১৭৩০০২৪০৩৩ ইমেইলঃ eyecareprogram.mss@gmail.com

Eye Care Program-MSS   www.mssbd.org/our-program/eye-care-program   Eye Care Program MSS